

রাজাজী বলেন হে দয়াল অবতার।  
 আন দেখি সে আঁধাকে করিব উদ্ধার।।  
 ঠাকুরের আদেশে আসিল রামধন।  
 প্রভু কহে 'রাজাজীর ধরণে চরণ।।'  
 রামধন যাইতেছে পদ ধরিবারে।  
 রাজাজী বলেন 'বেটা ছুঁস্নে আমারে।।  
 সুরভীর সঙ্গেতে থাকিবি ছয় মাস।  
 এক মাস সুরভীর সঙ্গে খাবি ঘাস।।  
 ছয় মাস সুরভীর গোময় খাইবি।  
 রাত্রি ভরি সুধামাখা হরিনাম ল'বি।।'  
 ঠাকুর বলেন গেল কঠিন হইয়া।  
 দয়া করি দণ্ড কিছু দেহ কমাইয়া।।  
 রাজাজী বলেন 'তবে হোক আধা আধি।  
 একবেলা গোময় সকালে খাওয়া বিধি।।'  
 এইভাবে মিয়াদে রহিল রামধন।  
 বক্ণা গাভীর সঙ্গে করিত শয়ন।।  
 গোঠে গিয়া বক্ণার সঙ্গে খেত ঘাস।  
 সামান্য গোময় প্রাতেঃ খায় তিন মাস।।  
 রামধন রাজাজীর মিয়াদ পালিল।  
 হরিচাঁদ পদ ভাবি তারক রচিল।।



## শ্রীক্ষেত্র হইতে প্রসাদ প্রেরণ ও বিতরণ

একদিন বসেছেন প্রভু হরিচাঁদ।  
 রাজাজী ধরিল আসি প্রভুর শ্রীপদ।।  
 বলে প্রভু "আমি তো করেছি এক মন।  
 তব লীলাস্থান সব করিব দর্শন।।  
 তব লীলা দর্শনে উদ্যোগী মম হীয়া।  
 কিছুদিন বেড়াইয়া আসিব ফিরিয়া।।"  
 এত বলি মহাসাধু করিল গমন।  
 এবে শুন শ্রীক্ষেত্রের প্রসাদ বিতরণ।।

একদিন বসি প্রভু পুষ্করিণী কূলে।  
 ক্ষেত্র-বাসী দুই পাণ্ডা এল হেনকালে।।  
 অনিমেঘ নেত্রে রূপ করি দর্শন।  
 সাষ্টাঙ্গে প্রণাম করি স্পর্শিল চরণ।।  
 প্রভুকে দেখিয়া বলে 'চিনেছি তোমায়।  
 ফাঁকি দিয়া লুকাইয়া এসেছ হেথায়।।  
 শ্রীধাম উৎকলে আছে দারব্রহ্ম মূর্তি।  
 তাহাতে তোমাকে এক পরমার্থ আর্তি।।  
 তুমি তিনি অভেদ আমরা নহে চিনি।  
 আদেশে জানা'লে প্রভু তাই মোরা জানি।।  
 পাণ্ডা কহে প্রভু হাসে দিয়া করতালি।  
 নড়া'লের ভবানি তা শুনিল সকলি।।  
 ভবানি দাড়িয়েছিল মহাপ্রভু ঠাই।  
 কাঁদিয়া ব্যাকুলা তার অন্য জ্ঞান নাই।।  
 পাণ্ডা কহে 'তুমি হও নন্দের নন্দন।  
 ত্রেতাযুগে করেছিল রাবন নিধন।।  
 এবে ওড়াকান্দি এসে পাতকী তরা'লে।  
 জগন্নাথ আবেশেতে জনম লভিলে।।  
 কৃষ্ণ আবেশেতে প্রভু কৈলে গোষ্ঠলীলে।  
 শ্রীগৌরান্ধ আবেশেতে হরিনাম দিলে।।  
 তিন শক্তি আবির্ভূত এক দেহ ধরি।  
 করিলে মানুষলীলা মধুর মাধুরী।।  
 উদাসীন গিরিপুরী করিলে উদ্ধার।  
 হয় নাই হ'বে না এমন অবতার।।  
 আদেশ করিয়া দিলে খোদ পাণ্ডা ঠাই।  
 ইচ্ছা করে পেট পুরে পায়সান্ন খাই।।  
 সে পায়সান্ন পাক কমলার হাতে।  
 খোদ পাণ্ডা গেল পায়সান্ন ভোগ দিতে।।  
 ভোগ দিয়া মন্দিরের কপাট আঁটিল।  
 ভোগ না লইল সে কপাট না খুলিল।।